অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: রাজ্যপাল HOCHUL জরুরি যোগাযোগের ব্যবস্থাগুলিকে উন্নত করার জন্য সারা রাজ্যে 55 মিলিয়ন মার্কিন ডলারের পুরস্কার প্রদান করলেন

জননিরাপত্তায় উত্তরদানের স্থানগুলির আধুনিকীকরণ এবং কল গ্রহণের ও কর্মী প্রেরণের ক্ষমতা বাড়ানোর জন্য প্রতিটি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে অনুদান পুরস্কৃত করা হয়েছে

স্টেট আন্তঃপ্রক্রিয়াযোগ্য যোগাযোগের ফর্মুলার অনুদানের প্রোগ্রামের অধীনে 45 মিলিয়ন মার্কিন ডলারের পুরস্কার দেওয়া হয়েছিল; জননিরাপত্তা উত্তরদানের স্থান সম্পর্কিত অনুদানের প্রোগ্রামের 10 মিলিয়ন ডলারের পুরস্কার দেওয়া হয়েছিল

অনুদানগুলি কাউন্টিগুলিকে প্রযুক্তি আপগ্রেড করতে, নতুন সরঞ্জাম কিনতে এবং প্রশিক্ষণকে উন্নত করতে সাহায্য করে; পরবর্তী প্রজন্মের 911 প্রযুক্তির উন্নয়নকে উৎসাহিত করে

রাজ্যপাল Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে 57টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে দুটি অনুদানের মাধ্যমে রাজ্যের জরুরি প্রতিক্রিয়া এবং যোগাযোগের ব্যবস্থাকে মজবুত করে তোলার জন্য 55 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে — স্টেট আন্তঃপ্রক্রিয়াযোগ্য যোগাযোগের ফর্মুলার অনুদানের প্রোগ্রামের (State Interoperable Communications Formula Grant Program) অধীনে 45 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান এবং *জননিরাপত্তা উত্তরদানের স্থান সম্পর্কিত অনুদানের প্রোগ্রামের (Public Safety Answering Point (PSAP) Grant Program)* অধীনে 10 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান। উভয় অনুদানই রাজ্যব্যাপী আন্তঃপ্রক্রিয়াযোগ্য যোগাযোগের অনুদানের প্রোগ্রামের (Statewide Interoperable Communications Grant program) আওতার অধীনে, যা যোগ্য কাউন্টিগুলিকে তাদের জরুরী যোগাযোগের ব্যবস্থার উন্নতির জন্য তহবিল ফেরত দেয়, এবং জননিরাপত্তার কল গ্রহণ এবং কর্মী প্রেরণের ক্ষমতাকে আরও উন্নত করার জন্য তহবিল বরাদ্দ করে৷ 55 মিলিয়ন মার্কিন ডলারের এই সম্মিলিত অর্থায়ন রাজ্যের জননিরাপত্তায় উত্তরদানের স্থান এবং যোগাযোগের ব্যবস্থাগুলিতে উন্নয়নের জন্য নির্ধারন করা হয়েছে। অর্থায়নটি কাউন্টিগুলিকে নতুন সরঞ্জাম কেনার সময়ে, তাদের প্রযুক্তি আপগ্রেড করার সময়ে এবং প্রশিক্ষণকে উন্নত করার সময়ে সাহায্য করবে; এবং পরবর্তী প্রজন্মের 911 প্রযুক্তির উন্নয়নকে উৎসাহিত করবে।

"নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা নিশ্চিত করাই আমার সর্বোচ্চ অগ্রাধিকার, এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের যে স্থানে প্রয়োজন সেখানে তাঁদের দ্রুত পৌঁছে দেওয়ার জন্য একটি নির্ভরযোগ্য জরুরি কর্মী প্রেরণের ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **রাজ্যপাল Hochul (হোকল) বলেছেন।** "এই অতিরিক্ত তহবিলটি রাজ্য জুড়ে জরুরি যোগাযোগকে মজবুত করে তুলবে, কাউন্টিগুলিকে প্রযুক্তির উন্নয়ন, প্রশিক্ষণের উন্নত করতে এবং তাদের প্রতিক্রিয়া জানানোর ক্ষমতাকে বাড়াতে সাহায্য করবে। আমি বছরের পর বছর ধরে জননিরাপত্তার প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, প্রতিটি সম্প্রদায়ের কাছে যাতে তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য সংস্থান থাকে তা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে), "জরুরি অবস্থার সময় যোগাযোগ গুরুত্বপূর্ণ একটি বিষয় এবং এই অনুদানগুলি নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রদায়গুলিকে প্রশিক্ষণ পেতে, তাদের ব্যবস্থাগুলির রক্ষণাবেক্ষণ করতে এবং সেগুলি উন্নত করতে সহায়তা করবে। জরুরি কল গ্রহণকারী এবং জরুরি প্রতিক্রিয়াকারীদের পাঠান এমন পেশাদাররা হলেন সহায়তার প্রথম সারিতে, এবং আমরা তাঁদের কাছে যাতে প্রয়োজনীয় সরঞ্জামগুলি থাকে তা নিশ্চিত করার জন্য সাহায্য করতে চাই।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিসের (New York State Association of Counties) নির্বাহী পরিচালক (স্টিফেন জে. অ্যাকারিও) বলেছেন, "কাউন্টিগুলিকে জরুরি 9-1-1 যোগাযোগের অনুদান প্রদানের উপর রাজ্যপাল Hochul (হোকল) অব্যাহত অগ্রাধিকারের জন্য কাউন্টিগুলি তাঁকে সাধুবাদ জানায়। এই তহবিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে কাউন্টি ভিত্তিক 911 ব্যবস্থাগুলি আধুনিক প্রযুক্তি এবং পরিকাঠামোতে বিনিয়োগ করতে পারে যাতে আমাদের বাসিন্দাদের জন্য জরুরি পরিষেবাগুলিতে অ্যাক্সেস নিশ্চিত করা যায়।"

স্টেটের আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের জন্য ফর্মুলা অনুদান (SICG-Formula) প্রথম সাড়াদানকারীদের দ্বারা কার্যপরিচালনার জন্য ব্যবহারের ক্ষেত্রে প্রযুক্তি অধিগ্রহণ সমন্বয় করার মাধ্যমে আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের মধ্যকার ব্যবধান কমিয়ে আনার উপর জোর দেয়, যা উচ্চ পর্যায়ের আন্তঃপরিচালনাযোগ্যতা অর্জন করার জন্য প্রয়োজনীয় ভিত্তি প্রদান করে।

এই অনুদানটি স্টেটকে যোগাযোগের ব্যবস্থা ও উপাদান, প্রশিক্ষণ ও অনুশীলন, এবং পরিচালনার কাঠামো টিকিয়ে রাখতে এবং সেগুলিকে উন্নত করার জন্য লোকালয়গুলিকে সাহায্য করে এমন উপযুক্ত খরচগুলির অর্থ পরিশোধ করতে সক্ষম করে। এছাড়াও এটি কাউন্টির জননিরাপত্তা বিষয়ক সংস্থাগুলিকে জরুরি সাড়াদান বাড়াতে, মার্কিন যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটির বিভাগের(Department of Homeland Security, DHS) National Emergency Communications Plan এর ক্ষমতা ও কর্মক্ষমতার ফলাফলকে উন্নত করতে, কার্যপরিচালনার পদ্ধতি এবং পরিকাঠামোর বিকাশকে উন্নত করতে সহায়তা করে এবং DHS সাইবার নিরাপত্তা এবং অবকাঠামোর নিরাপত্তা বিষয়ক এজেন্সির (Cybersecurity and Infrastructure Security Agency, CISA) তরফ থেকে পাওয়া SAFECOM নির্দেশনার সম্বোধনে সহায়তা করে।

আজ ঘোষিত SICG ফর্মুলা অনুদানগুলো হলো:

কাউন্টি	অনুদানের পরিমাণ	কাউন্টি	অনুদানের পরিমাণ
Albany	$1,175,916	Niagara	$788,111
Allegany	$736,507	Oneida	$759,816
Broome	$890,183	Onondaga	$1,111,103
Cattaraugus	$640,674	Ontario	$577,913
Cayuga	$705,292	Orange	$869,382
Chautauqua	$643,479	Orleans	$501,156
Chemung	$498,210	Oswego	$794,392
Chenango	$494,618	Otsego	$715,946
Clinton	$639,814	Putnam	$422,645
Columbia	$446,381	Rensselaer	$730,577
Cortland	$786,336	Rockland	$758,386
Delaware	$667,382	Saratoga	$766,246
Dutchess	$526,279	Schenectady	$609,599
Erie	$1,187,283	Schoharie	$475,133
Essex	$826,549	Schuyler	$407,932
Franklin	$653,016	Seneca	$391,399
Fulton	$488,828	St. Lawrence	$798,892
Genesee	$682,571	Steuben	$748,369
Greene	$456,547	Suffolk	$893,700
Hamilton	$561,551	Sullivan	$637,453
Herkimer	$670,415	Tioga	$410,016
Jefferson	$739,206	Tompkins	$627,501
Lewis	$665,538	Ulster	$552,845
Livingston	$609,127	Warren	$492,667
Madison	$720,342	Washington	$773,600
Monroe	$1,420,159	Wayne	$484,283
Montgomery	$407,620	Westchester	$646,033
Nassau	$887,854	Wyoming	$443,244
New York City	$6,615,112	Yates	$368,872

পাবলিক সেফটি আনসারিং পয়েন্টের কার্যপরিচালনার জন্য অনুদান (PSAP) অপ্রতিযোগিতামূলক এবং একটি ফর্মুলা অনুযায়ী অর্থ বরাদ্দ করে থাকে যেটি ভিন্ন ভিন্ন কয়েকটি মানদণ্ড অনুযায়ী অনুদানপ্রাপ্তদের তহবিল বন্টন করে থাকে, যেসব মানদণ্ডের মধ্যে কার্যপরিচালনার পরিসর, জনসংখ্যা সংক্রান্ত উপাদান, জরুরি পরিষেবার কল মেট্রিক্স, নতুন প্রযুক্তি মোতায়েন, এবং জরুরি যোগাযোগের জন্য স্টেট ও জাতীয় নির্দেশনা মেনে চলা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

এই অনুদানটি অনুদানপ্রাপ্তদের বিদ্যমান কার্যক্রম পরিচালনায় সহায়তা করছে এবং পরবর্তী প্রজন্মের 911 (NG911) প্রযুক্তি ও NG911 এর জন্য প্রয়োজনীয় জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেমের (Geographic Information System, GIS) উন্নয়নকে উৎসাহিত করছে। এছাড়াও

PSAP অনুদান বিভিন্ন ধরনের বিচারিক ক্ষেত্র, যেমন অন্যান্য কাউন্টি এবং স্টেটের এজেন্সিগুলির মধ্যে কার্যপরিচালনা ও কর্মপদ্ধতিগত দক্ষতা এবং সার্বিক সহযোগিতার উন্নয়নের প্রচার ঘটায়।

আজ ঘোষিত PSAP অনুদানগুলো হলো:

কাউন্টি	অনুদানের পরিমাণ	কাউন্টি	অনুদানের পরিমাণ
Albany	$235,855	Niagara	$182,545
Allegany	$127,563	Oneida	$205,204
Broome	$221,995	Onondaga	$202,864
Cattaraugus	$156,861	Ontario	$213,167
Cayuga	$213,957	Orange	$151,513
Chautauqua	$167,574	Orleans	$104,727
Chemung	$213,276	Oswego	$181,122
Chenango	$165,794	Otsego	$173,737
Clinton	$150,227	Putnam	$108,883
Columbia	$159,118	Rensselaer	$186,187
Cortland	$194,635	Rockland	$176,964
Delaware	$165,193	Saratoga	$118,926
Dutchess	$154,993	Schenectady	$175,333
Erie	$202,408	Schoharie	$114,623
Essex	$223,942	Schuyler	$183,578
Franklin	$152,412	Seneca	$160,865
Fulton	$159,119	St. Lawrence	$209,055
Genesee	$211,687	Steuben	$175,667
Greene	$143,466	Suffolk	$189,488
Hamilton	$163,770	Sullivan	$155,955
Herkimer	$199,901	Tioga	$109,805
Jefferson	$188,735	Tompkins	$136,192
Lewis	$229,558	Ulster	$151,993
Livingston	$168,455	Warren	$165,940
Madison	$153,681	Washington	$147,298
Monroe	$229,967	Wayne	$180,950
Montgomery	$178,052	Westchester	$156,766
Nassau	$126,372	Wyoming	$116,975
New York City	$205,078	Yates	$200,034

উভয় SICG-ফর্মুলা এবং PSAP অনুদানের প্রোগ্রামই সরাসরি স্থানীয় জরুরি পরিস্থিতিতে প্রতিক্রিয়া দেওয়ার ক্ষমতাকে সমর্থন করে এবং রাজ্য জুড়ে জননিরাপত্তার এজেন্সিগুলির জন্য আন্তঃকার্যকারিতার প্রচার করে।

DHSES সম্পর্কে

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ করতে,তার বিরুদ্ধে সুরক্ষা করতে, প্রস্তুতি নিতে, প্রতিক্রিয়া জানতে, সেগুলি থেকে পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য Facebook, Instagram এবং পূর্বে Twitter নামে পরিচিত X এ @NYSDHSES কে অনুসরণ করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন